

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯২৮

আগরতলা, ২৪ জুলাই, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“বিরামি মাইল স্বাস্থ্যকেন্দ্রে রাতে মাতালের তান্ডব, আতঙ্ক,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২২ জুলাই, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, ৮২ মাইল আয়ুষ্মান আরোগ্য মন্দির(এইচডব্লিউসি-পিএইচসি)-এর প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, ৮২ মাইল আয়ুষ্মান আরোগ্য মন্দির (এইচডব্লিউসি-পিএইচসি)-এ গত ২০ জুলাই ২০২৫ তারিখে রাত আনুমানিক ২টা ৩০ মিনিট নাগাদ নেশাগ্রস্ত হয়ে এক ব্যক্তির প্রবেশের এই ঘটনাটি ঘটেছিল। এই ঘটনাটি ঘটার সঙ্গে সঙ্গেই এই স্বাস্থ্যকেন্দ্রের কর্মচারীদের তরফে পুলিশকে খবর দেওয়া হয় এবং তারা পুলিশ ও স্থানীয় প্রশাসনের সঙ্গে যোগাযোগ করে দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

উল্লেখ্য, এই স্বাস্থ্যকেন্দ্রে প্রতিদিন অনেক রোগী চিকিৎসা পরিষেবা পান। এই স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্য পরিষেবা স্বাভাবিকভাবেই চলছে। বর্তমানে, রাতের বেলায় এই স্বাস্থ্যকেন্দ্রের নিরাপত্তার দায়িত্বে একজন বয়স্ক নাইট গার্ড আছেন, যিনি মাঝে-মধ্যে অসুস্থ হয়ে পড়েন। তাই আরও অতিরিক্ত নাইট গার্ড নিযুক্ত করার প্রস্তাব ৮২ মাইল আয়ুষ্মান আরোগ্য মন্দির-এর পক্ষ থেকে দেওয়া হয়েছে।
